

## 💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৭. ৫. আকৃতি পরিবর্তন ও ধারণ

কুরআন ও হাদীসের আলোকে আমরা বিশ্বাস করি যে, মালাকগণ আল্লাহর নির্দেশে বিভিন্ন আকৃতি ধারণ করতে পারেন। ঈসা (আঃ)-এর আম্মা মারইয়াম (আঃ)-এর মাতৃত্বের ঘটনা বর্ণনায় আল্লাহ বলেন:

فَأَرْسَلْنَا إِلَيْهَا رُوحَنَا فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا

"তখন আমি তার (মারইয়ামের) কাছে আমার রুহকে (পবিত্র আত্মা: জিব্রাঈল) প্রেরণ করলাম, সে তাঁর নিকট পূর্ণ মানব আকৃতিতে আত্মপ্রকাশ করল।"[1]

হাদীসেও এ বিষয়ে বিভিন্ন বর্ণনা রয়েছে। এ সকল বর্ণনা থেকে আমরা দেখি যে, কোনো কোনো সময় জিব্রাঈল (আঃ) মানুষের আকৃতিতে রাসূলুল্লাহ (ﷺ) এর নিকট উপস্থিত হতেন। কখনো মানুষের বেশে ওহী নিয়ে আসতেন। কখনো মানুষের বেশে এসে রাসূলুল্লাহ (ﷺ) এর নিকট বসে সাহাবীদের সামনে ইসলামের বিভিন্ন দিক সম্পর্কে প্রশ্ন করেছেন, যাতে উপস্থিত সাহাবীগণ প্রশ্নোত্তরের মাধ্যমে ইসলামের প্রয়োজনীয় বিধানাবলী জানতে পারেন।[2]

## ফুটনোট

- [1] সূরা (১৯) মারইয়াম : ১৭ আয়াত।
- [2] বুখারী, আস-সহীহ ১/২৭, ৪/১৭৯৩; মুসলিম, আস-সহীহ ১/৩৫-৩৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13650

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন